



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-২ শাখা

www.mopa.gov.bd



স্মারক নং: ০৫.০০.০০০০.১৭১.০৪.০৩৪.২২.১১৯

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯

২১ জুলাই ২০২২

বিষয়: উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেডে ২য় শ্রেণির গেজেটেড বিষয়টি উল্লেখপূর্বক প্রজ্ঞাপন জারি করার বিষয়ে মতামত।

সূত্র: স্মারক নং- ১২.০০.০০০০.০৫২.৯৯.০২৪.২০২০/৫৪৩ তারিখ: ২০.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপ মতামত প্রদান করা হলোঃ

চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ-৮ এ গ্রেডভিত্তিক পরিচিতি বিষয়ে সুস্পষ্ট উল্লেখ রয়েছে যে, 'আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোন বিধি-বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কর্মচারীগণ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতনস্কেলের গ্রেডভিত্তিক পরিচিতি হইবেন।' এক্ষেত্রে কর্মচারীগণ ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতনস্কেলের গ্রেডভিত্তিক পরিচিতি হওয়ার বিষয়টি উল্লেখ থাকায় উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেডে ২য় শ্রেণির গেজেটেড বিষয়টি উল্লেখপূর্বক প্রজ্ঞাপন জারি করার কোন সুযোগ নেই।"



২১-৭-২০২২

মাহফুজা আকতার

উপসচিব

ফোন: ৯৫৪০১৯৮

ইমেইল: Reg2 @mopa.gov.bd

সচিব

সচিবের দপ্তর

কৃষি মন্ত্রণালয়